

[গ]

দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭

সূচীপত্র

ক্রমিক নং	শিরোনাম	পৃষ্ঠা
১।	বিধিমালার নাম	১২
২।	সংজ্ঞা	১২
৩।	কমিশন ও উহার অধঃস্তন কার্যালয়ে অভিযোগ দায়ের	১৩
৪।	খানায় দুর্নীতির অপরাধ সংক্রান্ত অভিযোগ দায়ের	১৩
৫।	অভিযোগ যাচাই-বাছাই কমিটি	১৪
৬।	অনুসন্ধানের জন্য অনুমোদন	১৪
৭।	অনুসন্ধান কার্যের সময়সীমা	১৪
৮।	অনুসন্ধানকার্য চলাকালে অভিযুক্ত ব্যক্তির শুনানী গ্রহণ	১৫
৯।	অনুসন্ধানের মাসিক প্রতিবেদন দাখিল	১৫
১০।	মামলার তদন্তকার্য সম্পন্ন ও প্রতিবেদন দাখিল	১৬
১১।	তদন্তকার্য চলাকালে অভিযুক্ত ব্যক্তির শুনানী গ্রহণ	১৭
১২।	তদন্তের মাসিক প্রতিবেদন দাখিল	১৭
১৩।	আদালতে অভিযোগ নাম (Charge Sheet) দায়েরে কমিশনের অনুমোদন আবশ্যিক	১৭
১৪।	কতিপয় অনুসন্ধানকার্য পরিচালনার ক্ষেত্রে কমিশনের অনুমোদন আবশ্যিক নহে	১৮
১৫।	মামলা দায়েরের অনুমোদন পদ্ধতি	১৮
১৬।	ফাঁদ মামলা (Trap case)	১৮
১৭।	আইনের ধারা ২৬ অনুযায়ী সহায়-সম্পত্তি ঘোষণা বিষয়ক পদ্ধতি	১৯
১৮।	জ্ঞাত আয়ের উৎস বহির্ভূত স্থাবর-অস্থাবর সম্পত্তি, ইত্যাদি অবরুদ্ধকরণ বা ত্রোকাদেশ	১৯
১৯।	অভ্যন্তরীণ দুর্নীতি দমন কমিটি	২০
২০।	অনুসন্ধান ও তদন্তকার্যে কমিশনের কর্মকর্তাদের অনুকূলে ক্ষমতা অর্পণ	২০

ক্রমিক নং	শিরোনাম	পৃষ্ঠা
২১।	কমিশন কর্তৃক স্বীয় উদ্যোগে দুর্নীতি বিষয়ক অনুসন্ধান বা তদন্তের জন্য সরকার বা অন্যান্য সংস্থার সহযোগিতা প্রাপ্তির পদ্ধতি	২১
২২।	শ্রেণিতে নিয়োগ ও বদলী	২২
২৩।	সাক্ষরতার স্বীকৃতিস্বরূপ সনদ ও বিশেষ আর্থিক সুবিধা প্রদান	২২
২৪।	একাই কিংবা পৃথক কর্মকর্তা দ্বারা অনুসন্ধান ও তদন্তকার্য সম্পন্নকরণ	২২
২৫।	বিশেষ বিধান	২২
২৬।	অভিযুক্ত সরকারী কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা অবহিতকরণ	২২
২৭।	তফসিল—ফরম-১	২৩
২৮।	ফরম-২	২৪
২৯।	ফরম-৩	২৬
৩০।	ফরম-৪	২৭
৩১।	ফরম-৫	৩১
৩২।	ফরম-৬	৩২
৩৩।	ফরম-৭	৩৬
৩৪।	ফরম-৮	৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্নীতি দমন কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ চৈত্র ১৪১৩/২৯ মার্চ ২০০৭

এস, আর, ও নং ৩২-আইন/২০০৭।—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

- ১। বিধিমালার নাম।—এই বিধিমালা দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—
 - (ক) “অনুসন্ধান” অর্থ আইনের তফসিলভুক্ত কোন অপরাধ সংক্রান্ত অভিযোগপ্রাপ্ত বা জ্ঞাত হইবার পর উহা কমিশন কর্তৃক তদন্ত অনুষ্ঠানের জন্য গৃহীত ও লিপিবদ্ধ হইবার পূর্বে উক্ত অভিযোগের প্রাথমিক সত্যতা উদ্ঘাটনের লক্ষ্যে কমিশন বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃক পরিচালিত কার্যক্রম;
 - (খ) “অভিযোগ” অর্থ আইন এর তফসিলভুক্ত অপরাধের বিষয়ে কমিশন বা অন্য কোন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক মৌখিক বা লিখিত আকারে কিংবা অন্য কোনভাবে প্রাপ্ত অভিযোগ;
 - (গ) “আইন” অর্থ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন);
 - (ঘ) “উপযুক্ত আদালত” অর্থ আইন এর অধীন কোন অপরাধ বিচারের এখতিয়ারসম্পন্ন কোন আদালত;
 - (ঙ) “কমিশন” অর্থ আইন এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত দুর্নীতি দমন কমিশন;
 - (চ) “কমিশনার” অর্থ কমিশনের চেয়ারম্যান বা অন্য কোন কমিশনার;
 - (চচ) “জেলা কার্যালয়” অর্থ দুর্নীতি দমন কমিশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে নির্ধারিত সমন্বিত জেলা কার্যালয়;
 - (ছ) “তদন্ত” অর্থ আইনের তফসিলভুক্ত কোন অপরাধ কোন ব্যক্তি কর্তৃক সংঘটিত হইবার বিষয়ে কোন তথ্য, অভিযোগ হিসাবে, ফৌজদারী কার্যবিধির ১৫৪ ধারা অথবা এই বিধিমালার তফসিলের ফরম-১ এর বিধান ও পদ্ধতি কিংবা অনুরূপ বিধান ও পদ্ধতি অনুসারে কোন থানা বা দুর্নীতি দমন কমিশনের কোন কার্যালয়ে গৃহীত ও লিপিবদ্ধ হইবার পর উক্ত অভিযোগের বিষয়ে উপযুক্ত আদালতে বিচারার্থ মামলা দায়ের করিবার লক্ষ্যে সাক্ষ্য-প্রমাণাদি সংগ্রহের উদ্দেশ্যে কমিশন বা কমিশন হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি কর্তৃক পরিচালিত কার্যক্রম;
 - (জ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল; এবং
 - (ঝ) “ফৌজদারী কার্যবিধি” অর্থ Code of Criminal Procedure; 1898 (Act. No. V of 1898)।

^১ এস, আর, ও নং ২৬৫-আইন/২০০৭, তারিখ : ২৬ নভেম্বর, ২০০৭ দ্বারা দফা (চচ) সন্নিবেশিত।

